দৈনিক ইত্তেফাক

তারিখ 09 AUG 1994
পৃষ্ঠা ২ কলাম ২

২

# এইচএসসি পরীক্ষার পঞ্চম দিনে

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (সোমবার) ১৯৯৪ সালের এইচ, এস-সি, পরীক্ষার ৫ম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে ঢাকা বোর্ডে ১৭০ জন, রাজশাহী বোর্ডে ৪০৫ জন, যশোর বোর্ডে ৩১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। কোথাও কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটে নাই।

রাজশাহী অফিস জানায়,

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এইচএসসি

(১ম পৃঃ পর)

১৬টি জেলার মধ্যে প্রাপ্ত ১২টি জেলায় ৪০৫ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কৃত হয়। জেলাভিত্তিক হিসাব হইল: নীলফামারী ১০, কুড়িগ্রাম ১১, লালমনিরহাট ১২, ঠাকুরগাঁও ৫৯, পঞ্চগড় ১১, নবাবগঞ্জ ১৬, সিরাজগঞ্জ ৪১, বগুড়া ৩, পাবনা ২৪, জয়পুরহাট ১০, গাইবান্ধা ১৬২ ও রংপুর ৪৬।

নবাবগঞ্জ জেলার রহনপুর পরীক্ষা কেন্দ্রে দ্বিতীয়ার্ধে প্রথম পত্র পদার্থ বিজ্ঞান পরীক্ষায় ভুলক্রমে দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র পরীক্ষার্থীদের সরবরাহ করা হয় বলিয়া বিশ্বস্তসূত্রে জানা গিয়াছে। অর্দ্ধঘন্টা পর উক্ত প্রশ্নপত্র ফেরত লইয়া প্রথম পত্রের প্রশ্নপত্র পরীক্ষার্থীদের সরবরাহ করা হয়। গতকাল রাত সাড়ে দশটায় রাজশাহী শিক্ষা বোর্ডের কোন কর্মকর্তাকে যোগাযোগ করিয়া পাওয়া যায় নাই। ইহার আগেই বোর্ডের কন্ট্রোল রুম বন্ধ হইয়া যায়।

চট্টগ্রাম অফিস ।। গতকাল এইচ, এস,সি, পরীক্ষার পদার্থবিজ্ঞান প্রথম পত্রের প্রশ্নপত্রে কয়েকটি ভুলের কারণে অনেক প্রার্থী একাধিক প্রশ্নের উত্তর লিখিতে পারে নাই। গতকাল একদল পরীক্ষার্থী প্রশ্নপত্র লইয়া সংবাদপত্র অফিসে আসিয়া তাহাদের ক্ষোভের কথা প্রকাশ করিয়া জানায়, ক্রমিক ৩ এর 'ক' এর সংজ্ঞা লিখন এবং ক্রমিক ৮ এর 'গ' প্রশ্ন দুইটি ভুল থাকায় অনেক পরীক্ষার্থী ক্ষতিগ্রস্ত হইবে।